



ড.মোঃ নাজমুল হাসান

কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, মৎস্য অধিদপ্তর, খুলনা।

কৃষিবিদ ড.মোঃ নাজমুল হাসান 03 মার্চ 2018 তারিখে মাননীয়ন্ত্রণ ল্যাবরেটরি, মৎস্য অধিদপ্তর,খুলনা এর কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার হিসেবে যোগদান করেন। এর পূর্বে তিনি অত্র অধিদপ্তরের জেলা মৎস্য কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন।

কৃষিবিদ ড.মোঃ নাজমুল হাসান বিসিএস (মৎস্য) ক্যাডারের একজন সদস্য। তিনি 13তম বিসিএস (মৎস্য) ক্যাডারে 19৯৪ সালের 25 এপ্রিল উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। সুদীর্ঘ চাকুরি জীবনে তিনি মৎস্য অধিদপ্তরের হ্যাচারী অফিসার, ফিশারীজ টেকনোলজিস্ট, মৎস্য পরিদর্শন ও মাননীয়ন্ত্রণ কর্মকর্তা,উপ-জাতীয় প্রকল্প পরিচালক, সিনিয়র সহকারী পরিচালক এবং জেলা মৎস্য কর্মকর্তা হিসেবে সফলতা ও দক্ষতার সাথে তাঁর দায়িত্ব পালন করেন।

তিনি 14ডিসেম্বর 1966 সালে কুষ্টিয়া জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি তাঁর পিতামাতার তিন সন্তানের মধ্যে সর্বকনিষ্ঠ । তিনি মোবারকগঞ্জ চিনিকল উচ্চ বিদ্যালয় ,কালিগঞ্জ, ঝিনাইদহ থেকে মাধ্যমিক এবং রাজশাহী কলেজ, রাজশাহী থেকে উচ্চ মাধ্যমিক পাশ করেন।অতপরঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ থেকে বিএসসি ফিশারীজ (অনার্স), ফিশারীজ টেকনোলজি বিভাগ থেকে এমএসসি এবং ফুড সেফটি বিষয়ে পিএইচডি ডিগ্রী লাভ করেন।

তিনি সরকারী দায়িত্ব পালনের অংশ হিসেবে বিভিন্ন স্টাডি ট্যুর, উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সিঙ্গাপুর, পর্তুগাল, থাইল্যান্ড ও দক্ষিণ কোরিয়া ভ্রমণ করেন। দেশী - বিদেশী বিভিন্ন জার্নালে তাঁর 15টিরও অধিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ এবং বিসিএস (মৎস্য) ক্যাডার এসোসিয়েশন এর একজন সদস্য ।

তিনি 1999 সালে ফাওজান তাসনিয়াত (লতা) এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক ।